

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারী ২, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ নস্বপালয়

অত্যন্তবীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই মার্চ ১৩৯৮/২৭শে জানুয়ারী ১৯৯২

এস, আর, ও, নং ১৮-আইন/৯২/৮-সূচক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কোন EXPORT PROCESSING ZONE এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত কার ও মাইক্রোবাস এর উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে মওকুফ করিলেন, যথা :—

- ১। (ক) আমদানীকারক শিল্প প্রতিষ্ঠানটিতে শতকরা একশত ভাগ বিদেশী পুঁজি বিনিয়োগ হইতে হইবে; অথবা
- (খ) যে ক্ষেত্রে আমদানীকারক শিল্প প্রতিষ্ঠানটি যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত, সে ক্ষেত্রে
 - (অ) বিদেশী পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক হইতে হইবে; অথবা
 - (আ) বিদেশী পুঁজি বিনিয়োগের শতকরা পঞ্চাশ ভাগের অধিক না হইলে শিল্প প্রতিষ্ঠানটিতে অন্যান্য পাঁচশত জন বাংলাদেশী নাগরিকের কর্ম-সংস্থান করা হইয়াছে বা হইবে এই মর্মে BANGLADESH EXPORT PROCESSING ZONES AUTHORITY এর নিকট হইতে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৬১৯)

মলা : ঢাকা ১'০০

২। উক্ত রূপ কোন একটি শিল্প প্রতিষ্ঠান শুধু ২০০০ গিসি পর্বন্ত একটি কার এবং একটি মাইক্রোবাস আমদানী করিতে পারিবে।

৩। উক্ত কার ও মাইক্রোবাস খালাসের সময় BANGLADESH EXPORT PROCESSING ZONES AUTHORITY এর অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

৪। এই আদেশের আওতাধীন আমদানীকৃত ও খালাসকৃত সকল কার ও মাইক্রোবাস এর পূর্ণ বিবরণী ও হিসাব BANGLADESH EXPORT PROCESSING ZONES AUTHORITY কর্তৃক সংরক্ষিত হইবে।

৫। এই আদেশের আওতাধীন আমদানীকৃত কার বা মাইক্রোবাস খালাসের তারিখ হইতে পাঁচ বৎসরের মধ্যে বিক্রয়ের মাধ্যমে বা প্রকারান্তরে হস্তান্তর করা যাইবে না। খালাসের তারিখ হইতে পাঁচ বৎসর পর উহা হস্তান্তর করিতে চাহিলে আয়বর বিভাগের প্রচলিত বিধি অনুযায়ী অবচয়িত মূল্যের উপর নির্ধারিত পরিমাণ মূল্য সংযোজন করসহ অন্যান্য কর পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট হইতে কার বা মাইক্রোবাসটি হস্তান্তরের অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। এই আদেশের আওতাধীন আমদানীকৃত কার ও মাইক্রোবাসের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে "বেপজা" শব্দটি লিখিতে হইবে।

৭। এই আদেশের আওতাধীন আমদানীকৃত কার ও মাইক্রোবাস আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

৮। এই প্রজ্ঞাপন ১লা জুলাই ১৯৯১ মোতাবেক ১৬ই আঘাট, ১৩৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নুরুল হোসেইন খান

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মর্দিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।